

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৫৯

১১. কিতাবুয যাকাত (خلاب الزكاة)

পরিচ্ছেদঃ শাসকদের জন্য যাকাত আদায় করার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يَكُونَ الْمَرْءُ مصدِّقاً للأمراء

আরবী

3259 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا سَعِيدُ بْنُ يَحْيَى بْنِ سَعِيدٍ الْأُمُويُّ حَدَّثَنَا أَبِي حَدَّثَنِي يَحْيَى بْنُ سَعِيدٍ الْأُمُويُّ حَدَّثَنَا أَبِي حَدَّثَنِي يَحْيَى بْنُ سَعِيدٍ الْأَنْصَارِيُّ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَ يَحْيَى بْنُ سَعِيدٍ الْأَنْصَارِيُّ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ: أَنْ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَ سَعْدُ بْنَ عُبَادَةً مصدِّقاً وَقَالَ: (إِيَّاكَ يَا سَعْدُ أَنْ تَجِيءَ يَوْمَ الْقِيَامَةِ بِبَعِيرٍ لَهُ رُغَاءً) فَقَالَ: لا أَجِدُهُ وَلَا أَجِيءُ به فأعفاه.

الراوي: ابْن عُمَرَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3259 | خلاصة حكم المحدث: صحيح – ((صحيح الموارد)) (804/ 669) , ((الصحيحة)) (2542).

বাংলা

৩২৫৯. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সা'দ বিন উবাদাহ রাদ্বিয়াল্লাহু আনহুকে যাকাত উসূলকারী হিসেবে পাঠানোর সময় বলেন, "হে সা'দ, তুমি কিয়ামতের দিন উটসহ আগমন করা থেকে বিরত থাকো যে, উট গরগর আওয়াজ করতে থাকবে!" তখন তিনি বলেন, "আমি এটা করতে পারবো না, আমি কিয়ামতের দিন সেটা সহও আসবো না।" অতঃপর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেই দায়িত্ব থেকে অব্যাহতি দেন।"[1]

ফুটনোট

[1] বাযযার: ৮৯৮; হাকিম: ১/৩৯৯; মুসনাদ আহমাদ: ৫/২৮৫; তাবারানী: ৫৩৬৩; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/৮৬।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৫৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন